



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
প্রশিক্ষণ শাখা
www.dshe.gov.bd

৪ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
তারিখ: ১৯ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১১০.৬২.০০০২.২৫.৪১১৯

বিষয়: ২০১৮ বিধিতে সরকারিকরণকৃত কলেজের প্রশিক্ষণবিহীন শিক্ষকদের Induction Training-এ তথ্য প্রেরণ।

সূত্র: ১) নায়েম পত্র নং- ৩৭.০৪.০০০০.২০৩.২৫.০৩৯.২৪/৭৩০, তারিখ: ১৪.০৮.২০২৫ খ্রি.

২) নায়েম পত্র নং- ৩৭.০৪.০০০০.২০৩.২৫.০৩৯.২৪/৭৩১, তারিখ: ১৪.০৮.২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম), ঢাকা কর্তৃক বাস্তবায়িত Enhancing Professional Skills of Teachers স্কিম-বাস্তবায়নের নিমিত্তে Induction Training for Non-Cadre Government College Teachers বিষয়ক প্রশিক্ষণে টিটিসিতে (ফরিদপুর) আগামী ২১.০৯.২০২৫ খ্রি. হতে (সম্ভাব্য) এবং ৮ম পর্যায়ের ০৫টি ব্যাচ আগামী ১৫.০৯.২০২৫ খ্রি. হতে (সম্ভাব্য) জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম), ঢাকায় অনুষ্ঠিত হবে।

বর্ণিত প্রশিক্ষণে ২০১৮ বিধিতে সরকারিকরণকৃত কলেজের প্রশিক্ষণবিহীন শিক্ষকদের Induction Training-এ অংশগ্রহণ করার জন্য নিম্নোক্ত শর্তাবলী ও লিংকে গুগল ফরম পূরণপূর্বক আগামী ০৬.০৯.২০২৫ খ্রি. তারিখের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো (উল্লেখ্য, যেকোন জেলা থেকে জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম), ঢাকায় (পুরুষ) এবং ফরিদপুর টিটিসি ট্রেনিং কলেজ, ফরিদপুরে প্রশিক্ষণ নিতে আগ্রহী শিক্ষকগণ আবেদন করতে পারবেন। ইতোপূর্বে যারা আবেদন করেছেন তাঁদের আবেদন করার প্রয়োজন নেই)।

গুগল লিংক: <https://forms.gle/nNQ1kM8TPXuRM94G6>

প্রশিক্ষণে আবেদনের শর্তাবলী:

- ক) নতুন সরকারিকরণকৃত কলেজের (২০১৮ বিধিতে) রাজস্বখাতে যোগদান ও বেতনভুক্ত শিক্ষকগণ;
- খ) ০১.০৯.২০২৫ খ্রি. তারিখে বয়স সর্বোচ্চ ৫৫ বছর এবং এক কলেজ হতে সর্বোচ্চ ০৩ (তিন) জনের নাম প্রেরণ করা যাবে (নিজ ই-মেইল থেকে আবেদন করতে হবে);
- গ) ইতোপূর্বে যারা আবেদন করেছেন, কিন্তু প্রশিক্ষণ গ্রহণ করেন নি, তাদেরকে পুনরায় আবেদন করতে হবে;
- ঘ) কোন শিক্ষক সম্পর্কে ভুল তথ্য প্রেরণ করলে প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন;
- ঙ) বিভাগীয়/কোর্টে কোন মামলা চলমান থাকলে অথবা উক্ত প্রশিক্ষণ গ্রহণ করে থাকলে পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।
- চ) প্রতিষ্ঠান প্রধান কর্তৃক শেষ আহরিত বেতনের প্রত্যয়নপত্র, সরকারিভাবে নিয়োগ ও যোগদানসহ এনআইডি এর কপি অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত করে একত্রে পিডিএফ আকারে গুগল লিংকে সংযুক্ত করতে হবে।

০২-০৯-২০২৫
এস.এম. সাইফুল ইসলাম
সহকারী পরিচালক-১
০২-৪১০৫০৬১৮
dir-training@dshe.gov.bd

অধ্যক্ষ (সকল)

নতুন সরকারিকরণকৃত কলেজ (২০১৮ বিধিতে)।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১১০.৬২.০০০২.২৫.৪১১৯/১ (৮)

তারিখ: ৪ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
১৯ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, কলেজ ও প্রশাসন উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
- ২। পরিচালক, প্রশিক্ষণ উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
- ৩। আঞ্চলিক পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,অঞ্চল (তঁর আওতাধীন ২০১৮ বিধিতে সরকারিকরণকৃত কলেজকে অবহিত করার অনুরোধসহ)।
- ৪। পরিচালক, প্রশিক্ষণ ও বাস্তবায়ন বিভাগ, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি।
- ৫। উপপরিচালক (কলেজ-১), সরকারি কলেজ শাখা-১, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
- ৬। জনাব,।
- ৭। পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
- ৮। সংরক্ষণ নথি, প্রশিক্ষণ শাখা।



০২-০৯-২০২৫
এস.এম. সাইফুল ইসলাম
সহকারী পরিচালক-১